

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৪২১

১২/ কুরআন

পরিচ্ছেদঃ কুরআন পাঠের ফ্যীলত

## আরবী

وَعَنِ البَرَاءِ بِنِ عَازِبٍ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ : كَانَ رَجُلٌ يَقْرَأُ سُورَةَ الْكَهْفِ وَعِنْدَهُ فَرَسٌ مَرْبُوطٌ بِشَطَنَيْنِ فَتَغَشَّتْهُ سَحَابَةٌ فَجَعَلَتْ تَدْنُوْ وَجَعَلَ فَرَسُه يَنْفِرُ مِنْهَا فَلَمَّا أَصْبَحَ أَتَى النَّبِيَّ عَيِّلِيُّ فَذَكَرَ ذَلِكَ لَهُ فَقَالَتِلْكَ السَّكِينَةُ تَنَزَّلَتْ لِلقُرْآنِ متفقٌ عليه

## বাংলা

(১৪২১) বারা' ইবনে আযেব (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, একদা একটি লোক সূরা কাহাফ পাঠ করছিল। তার পাশেই দুটো রশি দিয়ে একটি ঘোড়া বাঁধা ছিল। ইতোমধ্যে লোকটিকে একটি মেঘে ঢেকে নিল। মেঘটি লোকটির নিকটবর্তী হতে থাকলে ঘোড়াটি তা দেখে চকতে আরম্ভ করল। অতঃপর যখন সকাল হল তখন লোকটি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর দরবারে হাজির হয়ে উক্ত ঘটনা বর্ণনা করল। তা (শুনে) তিনি বললেন, ওটি প্রশান্তি ছিল, যা তোমার কুরআন পড়ার দরুন অবতীর্ণ হয়েছে।

## ফুটনোট

(বুখারী ৫০১১, মুসলিম ১৮৯২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন